**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট-১৪ শাখা
www.mof.gov.bd

স্মারক নং- ০৭.১১৪.০৩১.০১.০০.০০৩.২২৫.২০১১-**৪৮১** তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩ / ০১ সেপ্টেম্বর ২০২৬

**বিষয়: উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে 'আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫' এর আওতায় উন্নয়ন প্রকল্পের জন্য সেবা গ্রহণের ক্ষেত্রে কতিপয় বিষয় স্পষ্টীকরণ।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের ১৫ এপ্রিল ২০২৫ তারিখে জারিকৃত 'আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫' এর আওতায় উন্নয়ন প্রকল্পের জন্য আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণের সুবিধার্থে নিম্নোক্ত বিষয় স্পষ্টীকরণ করা হলো:

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের ২২ জানুয়ারি ২০০৩ তারিখের ২৮ নং প্রজ্ঞাপনমূলে গঠিত আন্তঃমন্ত্রণালয় জনবল কমিটির সুপারিশ থাকলে আউটসোর্সিং প্রক্রিয়ায় নতুন জনবল নিয়োগের লক্ষ্যে পুনরায় অর্থ বিভাগের অনুমোদন প্রয়োজন হবে না;

(খ) নতুন জনবল নিয়োগের ক্ষেত্রে এবং নিয়োজিত আউটসোর্সিং সেবা নবায়নের ক্ষেত্রে অর্থ বিভাগ বা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অনুমোদন আবশ্যক নয়। প্রকল্পের মূল বা বর্ধিত মেয়াদের জন্য আউটসোর্সিং সেবা ক্রয়ের মেয়াদ বিবেচ্য অর্থাৎ আউটসোর্সিং সেবা ক্রয়ের যে অনুমোদন আন্তঃমন্ত্রণালয় জনবল কমিটি সুপারিশ করে তা প্রকল্পকালীন সমগ্র সময়ের (মূল এবং বর্ধিত) জন্য প্রযোজ্য হবে;

(গ) আউটসোর্সিং পদ্ধতিতে সেবা ক্রয়ের জন্য নীতিমালায় তপশিল 'ক' এ উল্লিখিত আউটসোর্সিং সেবা পরিবীক্ষণ কমিটির সুপারিশের প্রয়োজন নেই। মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন অনুযায়ী গঠিত আন্ত:মন্ত্রণালয় জনবল কমিটির সুপারিশ অনুযায়ী নতুন আউটসোর্সিং সেবা ক্রয়/সংগ্রহ করা যাবে।

০১/০৯/২০২৬
(মোঃ তারিকুল ইসলাম খান)
যুগ্মসচিব (বাজেট-৫)
ফোনঃ ০২-৯৫১৪৪৬১
e-mail: tikhan@finance.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব (সকল), ..........................................................মন্ত্রণালয়/বিভাগ।
৫। সদস্য (সকল), ...............................................................................বিভাগ, পরিকল্পনা কমিশন।
৬। চেয়ারম্যান, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৭। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক (সকল সংস্থা)...........................................................।
৮। হিসাব মহানিয়ন্ত্রক/কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স/অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।
৯। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার ..................................................মন্ত্রণালয়/বিভাগ।

স্মারক নং- ০৭.১১৪.০৩১.০১.০০.০০৩.২২৫.২০১১-**৪৮১(৩)** তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩ / ০১ সেপ্টেম্বর ২০২৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। মাননীয় অর্থ মন্ত্রীর একান্ত সচিব , অর্থ মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, (এফএসএমইউ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

০১/০৯/২৬
(সৈয়দ আশরাফুজ্জামান)
উপসচিব
ফোন: ২২৩৩৮৭২০৩
e-mail: sasrafujjaman@finance.gov.bd

E:\SHAHANUR\DOCUMENTS\LETTER-11.UNI.DOC